

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৯৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبْرٍ ثَانٍ يُصْرِحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3894 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحَبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ وَأَبِي سَلَمَةَ أَنَّ عَائِشَةَ قَالَتْ: حَاضَتْ صَفِيَّةُ بِنْتُ حَيٍّ بَعْدَمَا أَفَاضَتْ قَالَتْ عَائِشَةُ فَذَكَرْتُ حَيْضَتَهَا لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَحَابِسُنَا هِيَ؟) فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا قَدْ أَفَاضَتْ وَطَافَتْ بِالْبَيْتِ ثُمَّ حَاضَتْ بَعْدَ الْإِفَاضَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلْتَنْفِر)

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3894 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1748): ق.

বাংলা

৩৮৯৪. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “সাফিয়্যাহ বিনতু হুইয়াই রাদিয়াল্লাহু আনহা তাওয়াফে ইফাযাহ করার পর হয়েয শুরু হয়।” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি তার হয়েযের বিষয়টি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আলোচনা করি, তখন তিনি বলেন, “সে কি আমাদেরকে আটকিয়ে দিবে?” তখন আমি তাঁকে বলি, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই তিনি ইতিপূর্বে বাইতুল্লাহর তাওয়াফে ইফাযাহ করে নিয়েছেন। তাওয়াফে ইফাযাহ করার পর তার হয়েয হয়েছে। তখন তিনি জবাবে বলেন, “তাহলে সে যেন রওয়ানা দেয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৯২-১৯৩; সহীহ মুসলিম: ১২১১; তাহাবী: ২/২৩৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৪১২; সহীহুল বুখারী: ৩২৮; নাসাঈ: ১/১৯৪; সুনান বাইহাকী: ৫/১৬২; দারেমী: ২/৫৬৮; ইবনু মাজাহ: ৩০৭৩; বাগাবী: ১৯৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৪৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93233>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন